

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৩৩৭

তেলিয়ামুড়া, ২৪ সেপ্টেম্বর, ২০২৪

শারদ উৎসব : তেলিয়ামুড়া মহকুমায় সভা

আসন্ন শারদ উৎসব সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে সম্প্রতি তেলিয়ামুড়া মহকুমায় এক সভা অনুষ্ঠিত হয়। তেলিয়ামুড়া মহকুমা শাসক কার্যালয়ে অনুষ্ঠিত এই সভায় সভাপতিত্ব করেন মহকুমা শাসক পরিমল মজুমদার। সভায় উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া পুরপরিষদের চেয়ারপার্সন রূপক সরকার, ভাইস চেয়ারপার্সন মধুসূদন রায়, তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দীপা দেব, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ ও বিভিন্ন ক্লাব ও পূজা কমিটির প্রতিনিধিগণ। সভায় তেলিয়ামুড়া পুরপরিষদের চেয়ারপার্সন রূপক সরকার ও ভাইস চেয়ারপার্সন মধুসূদন রায় পুঁজোর সময় পরিবেশ সচেতনতা ও স্বচ্ছতার বিষয়ে গুরুত্ব দেওয়ার আহ্বান জানান। মহকুমা শাসক শারদ উৎসব উপলক্ষে রাজ্য সরকারের জারি করা নির্দেশিকা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি মহকুমায় পূজার দিনগুলি সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে ক্লাব ও পূজা কমিটিগুলির সহযোগিতা কামনা করেন।
